

## সিয়াম বিষয়ক নির্বাচিত ফাতওয়া

বিভাগ/অধ্যায়ঃ একজন নারী তার মাসিকের পবিত্রতার ব্যাপারে সন্দেহ নিয়ে সাওম পালন করেছে রচয়িতা/সঙ্কলকঃ ইসলাম কিউ এ (Islamqa.com)

একজন নারী তার মাসিকের শেষ সময় সন্দেহ নিয়ে সাওম পালন করেছিল। পরের দিন সকালে দেখল যে সে পবিত্র হয়েছে। যেদিন সে তার পবিত্রতা সম্পর্কে নিশ্চিত না হয়ে রোযা রেখেছিল সে ব্যাপারে শারী'আততে বিধান কী?

ফাত্ওয়া নং - 106452

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য।

"তার রোযাটি হয়নি এবং তাকে তার কাযা করতে হবে, কারণ, মূল নীতিটি হচ্ছে তার মাসিক চলছিল, তার পবিত্রতার ব্যাপারে নিশ্চিত না হয়ে রোযা শুরু করার অর্থ হল সন্দেহের সাথে 'ইবাদাত শুরু করা। আর নিশ্চিত হয়ে কোন 'ইবাদাত শুরু করা হল সেই 'ইবাদাত শুদ্ধ হওয়ার একটি শর্ত, এই কারণেই তার রোযাটি হয়নি।" উদ্ধৃতির সমাপ্তি।

ফাদ্বীলাতুশ শাইখ মুহাম্মাদ ইবনু 'উসাইমীন।

['মাজমু' ফাত্ওয়া ইবন 'উসাইমীন', ফাত্ওয়া আস-সিয়াম (১০৭,১০৮)]

Source — https://www.hadithbd.com/books/link/?id=1781

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন